নেপাল-তিব্বত সীমান্তে বন্যায় মৃতের সংখ্যা ১৪শ ছাড়িয়েছে

ছবি: সংগৃহীত

নেপাল ও তিব্বত সীমান্ত এলাকায় পাহাড়ি ঢল ও আকস্মিক বন্যায় প্রাণহানি বেড়ে ১ হাজার ৪০০ ছাড়িয়েছে। নেপালের সর্বশেষ সরকারি হিসাবে দেশটির অংশেই ১ হাজার ৩৭৭ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। তিব্বত অংশে মারা গেছেন আরও অন্তত ৪৩ জন।

সীমান্তের দুই পাশে এখনও সাড়ে ৫ হাজারের বেশি মানুষ নিখোঁজ রয়েছেন। প্রশাসনের তথ্য অনুযায়ী, দীর্ঘ সময় পেরিয়ে যাওয়ায় এবং দুর্যোগের ভয়াবহতার কারণে নিখোঁজদের জীবিত উদ্ধারের সম্ভাবনা কমে এসেছে।

এই দুর্যোগে নেপালের আর্থিক ক্ষতির পরিমাণ ৪০০ বিলিয়ন নেপালি রুপির বেশি। ক্ষতিগ্রস্ত এলাকা ও অবকাঠামো পুনর্গঠনে আন্তর্জাতিক সহায়তা পেতে জরুরি ঋণের উদ্যোগ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে দেশটির সরকার।

দুর্যোগকবলিত এলাকায় হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র ক্ষতিগ্রস্ত হওয়ায় আহতদের চিকিৎসা দিতে স্থানীয় প্রশাসনকে বেগ পেতে হচ্ছে। এর মধ্যে পানিবাহিত রোগের আশঙ্কাও বাড়ছে।

বিদুর পৌর এলাকার ১৫টি পানির উৎসের মধ্যে পাঁচটিতে ক্ষতিকর 'ই-কোলাই' ব্যাকটেরিয়া শনাক্ত হয়েছে। এতে দুর্গত এলাকায় বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি ও পানিবাহিত রোগ ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে।